গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
মানব সম্পদ উন্নয়ন-১ শাখা
বিএসএল অফিস কমপ্লেক্স (ভবন-২), ১১৯ কাজী
নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০
www.bfsa.gov.bd

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

**নম্বর:** ১৩.০২.০০০০.০০০.১২১.১১.০০৫৪.২২.১৮৬

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩
২৪ মে ২০২৬

**নিয়োগপত্র**

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ০৫ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দের ১৩.০২.০০০০.০০০.১২১.১১.০০৫৪.২২.১১৯ স্মারক মোতাবেক ফলাফলের ভিত্তিতে রাজস্ব খাতভুক্ত ৯ম গ্রেডের ১৩ (তেরো) জন প্রার্থীকে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বর্ণিত পদ ও জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে ২২,০০০/- ৫৩,০৬০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

(১) পদের নাম: নিরাপদ খাদ্য অফিসার

| ক্র: নং | মেধাক্রম | রোল নং | নাম |
|---|---|---|---|
| ১. | ১ | ১৭০১১০৫ | দীপ্রজিত সরকার |
| ২. | ২ | ১৭০০১৪৯ | মেহেদী হাসান জয় |
| ৩. | ৩ | ১৭০০৫১৭ | খালিদ সাইফুল্লাহ সাকিব |
| ৪. | ৪ | ১৭০১৩৩১ | মোঃ ইকবাল হোসেন |
| ৫. | ৫ | ১৭০০৩৬৯ | অন্তু সাহা |
| ৬. | ৬ | ১৭০২৬৪৩ | সুপন সরকার |
| ৭. | ৭ | ১৭০০৫৯২ | লামিয়া তাবাসসুম |
| ৮. | ৮ | ১৭০২২৪৩ | নেয়ামুল হাসান নীপ |
| ৯. | ৯ | ১৭০০২৫৪ | মোঃ রাকিবুল হাসান নিশাত |
| ১০. | ১০ | ১৭০২১১২ | মাহবুব আরেফিন রাফি |
| ১১. | ১১ | ১৭০২১৩১ | এ. এফ. এম. সাজ্জাদুল ইসলাম |

(২) পদের নাম: খাদ্য বিশ্লেষক

| ক্র নং | মেধাক্রম | রোল নং | নাম |
|---|---|---|---|
| ১. | ১ | ১৬০০০০৯ | নাজিয়া সুলতানা (নিশাত) |

(৩) পদের নাম: হিসাবরক্ষণ কর্মকর্তা

| ক্র নং | মেধাক্রম | রোল নং | নাম |
|---|---|---|---|
| ১. | ১ | ১৮০০৬৭৫ | সোহাগ আহমেদ সানি |

**নিয়োগের শর্তাবলি:**

(ক) তাকে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(খ) উক্ত বুনিয়াদি প্রশিক্ষণ সমাপনান্তে তাকে তার চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্তৃপক্ষ যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক) ও (খ) এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন এবং শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে অন্যান্য শর্তাবলী পালন সাপেক্ষে তাকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাকে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;

(চ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত উপযুক্ততার সনদপত্র (ডোপটেস্টসহ) যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(ছ) তাঁর ইস্তফা পত্র কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তার নিকট কর্তৃপক্ষের প্রাপ্য সমুদয় অর্থ সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ চাকরি প্রবিধানমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(জ) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারণ হবে;

(ঝ) যদি তিনি কোনো বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঞ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ট) নিয়োগপ্রাপ্ত প্রার্থীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা সম্পর্কিত সনদপত্র, আনসার ভিডিপি সম্পর্কিত সনদপত্র এবং স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমলি এবং শিক্ষাগত যোগ্যতার সনদের বিষয়ে সঠিকতা প্রমাণিত না হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে। এ ক্ষেত্রে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের চাকরিতে যোগদানের পর গৃহীত সকল বেতন ভাতাদির অর্থ ফেরত প্রদার করতে হবে।

(ঠ) এ অফিস আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং কর্তৃপক্ষ কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ড) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ চাকরি প্রবিধানমালা, ২০১৮ এর ৪০ বিধ অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ

সম্বলিত একটি যোগপত্র তাকে চাকরিতে যোগদানের সময় কর্তৃপক্ষ বরাবর জমা দিতে হবে;

(ঢ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

(ণ) প্রার্থীর কোনো সনদ পরবর্তীতে মিথ্যা বা জাল প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে তার নিয়োগ বাতিল হবে এবং তার বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে।

২। অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলি তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৪ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ পর্বাহ্নে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষে যোগদানের জন্য তাকে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে প্রতীয়মান হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

২৪-০৫-২০২৬
শ্রাবন্তী রায়
সচিব
ফোন : +৮৮০২-২২২২২৩৪৩৬
ইমেইল : secretary@bfsa.gov.bd

নম্বর: ১৩.০২.০০০০.০০০.১২১.১১.০০৫৪.২২.১৮৬/১ (১২)

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩
২৪ মে ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
২। চেয়ারম্যান, চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন।
৩। অতিরিক্ত সচিব, নিরাপদ খাদ্য অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়।
৪। সদস্য (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৫। পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।।
৬। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয় (গাইবান্ধা, পটুয়াখালী, নেত্রকোনা, ঝালকাঠি, ঢাকা, পাবনা, ব্রাহ্মণবাড়িয়া, সিরাজগঞ্জ, জয়পুরহাট, কুড়িগ্রাম, চট্টগ্রাম, মাদারীপুর) (ডোপ টেস্টসহ স্বাস্থ্য পরীক্ষাপূর্বক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র প্রদানের জন্য অনুরোধসহ)।
৭। অতিরিক্ত পরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৮। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। উপপরিচালক (সকল), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
১১। উপ পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিশাখা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
১২। ব্যক্তিগত সহকারী, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৪-০৫-২০২৬
শ্রাবন্তী রায়
সচিব